এখানে রিজনেবল সাসপিসন, রিজনেবল কমপেলাট ইত্যাদি কথা বলা হয়েছে। কিন্তু একজন সাধারণ চৌকিদার, তার যে কত্থানি রিজন আছে সে বিষয় আমাদের সন্দেহ হয়। এওে ১ সত্যিকারের রিজনেবল সাসপিসন আছে কিনা, এবং রিজনেবল কমশেলট কিনা, এই সমস্ত বিচার করা একজন সাধারণ চৌকিদারের পক্ষে সম্ভব নয়। সেই রকম পরে যে বলা হয়েছে. ইন্ডিয়ান আর্মি, নেভি অর এয়ার ফোর্স থেকে পালিয়ে যে চলে এসেছে বা

any released convict committing a breach of any rule made under subsection (3) of section 565 of the Code of Criminal Procedure, 1898,

ইত্যাদি এই সমস্ত অপরাধ কেউ করেছে কিনা, সেটা বোঝা একজন সাধারণ চৌকিদারএর পক্ষে সম্ভব নয়। হয়ত এই সমস্ত অপরাধ সহি। সতিই যে করবে, তাকে ধরবে না, এই ভেবে যে হয়তো তার এই ধরাটা বেআইনী হয়ে যেতে পাবে, অথবা অপরাধ করে নি, এইরকম যাকে তাকে ধরবে। এবং উইদাউট ওয়ারেন্টএ কাউকে করবে, সেটা মোটেই বাঞ্দাীয় নয়। সেইজন্য আমি সংশোধনী দিয়েছি.

He may without any order from the Magistrate but with the instructions and written order of the Prodhan of the Anchal Panchayat arrest.

করতে পারে। আমরা ধরে নিতে পারি অঞ্চল পশুরেতের যিনি প্রধান, তিনি নিশ্চয়ই ব্রুত্ত পারবেন, কোন কোন বান্তি কি কি অপরাধ করেছে, এবং সেটা জেনে তিনি যদি চৌকিদারকে নির্দেশ দেন, তাহলে চৌকিদার সেই সমস্ত অপরাধীকে ধবতে পারে। মন্ত্রীমহাশয় হয়ত বলতে পারেন, ঐ প্রধানের যদি বারও প্রতি বিশেব্য থাকে, তাহলে কি হবে ? কিন্তু সাধারণ একজন চৌকিদার সে যে সমস্ত প্রকার ইয়া ও বিশেব্যের উদ্ধের্ব উটে কাজ করবে, সেটা আমরা মোটেই আশা কবতে পারি না। সেইজন চৌকিদারকে যে এতবড় ক্ষমতা দেওয়া হচ্ছে, সেই ক্ষমতার একট্ অংশ আমরা অঞ্চল পঞ্চায়তকে দিতে চাই। যিনি অঞ্চল পঞ্চায়েতকে প্রধান, তাকৈ যদি এই ক্ষমতা দিই বা প্রতিনিধিম্বাক সংস্থানকে যদি দিই, তাহ**লে গণতন্ত্র** বিরোধী কোন কাজ হবে না বলে আমবা বিশ্বম্য কবি। আমি আশা করি মন্ত্রীমহাশয় এই সংশোধনীটা বিশেষভাবে বিচার করে দেখবেন।

## Dr. Krishna Chandra Satpathi:

মিঃ স্পর্কির সারে এই ৫১ নান্ধর ধারতে চেকিনারএর ক্ষমতা নির্দেশি করা হারেছে। এই ধারায় যেখানে আছে টুইনাউট এ ওয়ারেন্ট করতে পারে, সেখানে আমি বলতে চাচ্ছি, He may, without an order from a Magnetical and without a warrant, এর পরে আমি যোগ করতে চাচ্ছি

But with the consent of the Prodhan of the Anchal Panchayat.

এর করেণ হচ্ছে, যেখানে চৌকিদাবকে এতাই অবাধ ক্ষমতা দিয়ে দেওয়া হচ্ছে যে কোন বকম নিদেশি না থাকলেও সে য়াবেণ্ট করতে পাববে। আমাদেব আপত্তি হচ্ছে এখানে, যদি এই বক্ষম একটা সীমাহীন ক্ষমতা দেওয়া হয় পাহলে তাব অপবাবহার হওয়াব খ্বে বেশী আশংকা থাকে। মন্ত্রীমহাশায় নিশ্চয়ই জানেন যে পালিশের এং বাঁধাবাঁধি নিয়ম থাকা সত্ত্বেও পর্নালশের বড় কতারিই, তাঁদের ক্ষমতা অপবাবহাব করেছেন, এইরক্ষা বহু উদাহরণ আছে। আর দরেগাব ত কথাই নেই। সেইজন আমি এইবক্ষা অপ্রতি আক্ষাতে ক্ষমতা দেওয়া অত্যাত অনাম্য হবে বলে মনে করি। আমি চাই যে সেখানকার পঞ্চায়েতের প্রধানের সম্মতি অনুসারে যেন য়ারেণ্ট করা হয়, এইরক্ষা ক্ষমতা দেওয়া হোক। এটা বোধহয় মন্ত্রীমহাশিয়ের জানা আছে যে, অঞ্চল পঞ্চায়েত যেখানে গঠিত হবে, সেটা গ্রামের মধ্যে। এবং সেখানে ও আশোপাশের গ্রামের লোকজনেরও সমসত প্রকার খোঁজ খবর বাখেন তাঁরাই। কারণ সেটা কলকাতা সহর নয়, যে পাশের বাড়ীতে বা একই বাড়ীর জ্যাটের লোক, এক জায়গায় বাস করলেও, কেউ কারও থবর বাংনি না। গ্রামাণ্ডলে সব্তুন্ত অবস্থা। কাজেই চেটিকদারের উপর এর্প সীমাহীন ক্ষমতা না দিয়ে, অঞ্চল পঞ্চায়েতের প্রধানের সম্মতি নিয়ে যেন যারেণ্ট করা হয়, এইর্প ব্যবস্থা করা হন্তে। আমার আর একটা দিবতীয় য়ামেন্ডমেন্ট আছে (ভি)তে সেখানে বলা হচ্ছে,

he shall observe, and from time to time report to such Officer-in-charge, the movements of all bad characters within the jurisdiction of the Anchal Panchayat—that is "within the jurisdiction of the Anchal Panchayat".

মানে অঞ্চল পণ্ডায়েতের যতটা এলাকা তার সমস্তটার মধ্যে। কিন্তু একজন চৌকিদারের পক্ষে সমস্ত অঞ্চল পণ্ডায়েতের এরিয়ার সমস্ত লোকের খবর, থানা অফিসারের কাছে পেণছে দেওয়া সম্ভব নয়। একটা অঞ্চল পণ্ডায়েতের এলাকা যেটা একটা বিস্তারিত এলাকা, সেখানে একাধিক চৌকিদার রাথা উচিত। সেইজন্য আমি বলেছি,

within his area under the jurisdiction

এইটা রাখতে, যেখানে উইদিন দি জর্নিসভিকসন লেখা আছে। যে এলাকার জন্য একাধিক চৌকিদার রাখা হয়েছে, সেই সমস্ত এরিয়া সম্বন্ধে যাবতীয় খবর এই একজন চৌকিদারকে রাখতে হবে--এটা একটা ইমপাসবল ব্যাপার। একটা অণ্ডল পণ্ডায়েতের সমস্ত প্রকার খবর রাখা একটি চৌকিদারের পক্ষে সম্ভব নয়, এবং এরজন্য তাঁকে দায়ী করা অত্যন্ত অন্যায় হবে।

স্তরাং আমি বলছি যে, এরিয়া থেকে বা প্রয়োজনে যে চৌকিদার বাহাল হয়েছে. সেই এরিয়ার সমস্ত থবর যাতে ও, সি,র কাছে যায়, সেই পর্যান্তই সে করবে। অর্থাং তার নিজের এলেকার বিষয়ই সে রিপোর্ট করবে, এই কথা আমি বলতে চাইছি। দি জর্বিসডিকসন থাকলে সমস্ত অঞ্চলটাই বোঝান হয়।

[4-20-4-30 p.m.]

## Dr. Kanailal Bhattacharjya:

মাননীয় ডেপ্টো স্পীকার মহাশয়, আমার য়ামেন্ডমেন্ট খ্ব সোজা। আমার বস্তব্য হচ্ছে, এই ক্লজের মধ্যে চৌকিদারকে অনেক ক্ষমতা দেওয়া হয়েছে, কিন্তু ক্ষমতা দিতে গিয়ে যাঁরা ড্রাফট করেছেন, এই বিলটা তাঁরা, জালান সাহেব, ও সিলেক্ট কমিটির লোকেরা খানিকটা বিষয় ওভারলাক করেছেন। বিলটার ড্রাফটিং খ্ব খারাপ হয়েছে, সিলেক্ট কমিটি থেকেও ভালভাবে বেরিয়ে আসতে পারে নি। জালান সাহেব বলেছিলেন, য়ামেন্ডমেন্ট এনে পরে ঠিক করবেন, কিন্তু তা তিনি করেন নি, যার জন্য বিরোধা পক্ষ থেকে অনেক য়ামেন্ডমেন্ট দেওয়া হয়েছে কিন্তু জেদের বশব্তী হয়ে জালান সাহেব তা নিচ্ছেন না।

(The Hon'ble Iswardas JALAN:

আমার কোন জেদ নাই।) তাকে একটা ক্ষমতা দেওয়া হয়েছে যে,

He can arrest any person who obstructs a police officer while in the execution of his duty.

একজন পুলিশ অফিসারকে কেউ অবসণ্টাস্ট করলে তার ডিউটি করতে বাধা দিলে চৌকিদারকে ক্ষমতা দেওয়া হয়েছে, তাকে য়ারেছ করবার জন্য পুলিশ অফিসার নিজে পারবেন না, বরং চৌকিদারকে উইটনেস রেখে পুলিশ অফিসার ন্বরং সেখানে য়ারেছট করতে পারেন, কিন্তু তা না করে চৌকিদারকেই য়ারেছটএর ক্ষমতা দেওয়া হয়েছে। আমার মনে হয়, বিলে এই জিনিষটা ওভারলাক করা হয়েছে, চৌকিদারকে ক্ষমতা দিতে গিয়ে, জালান সাহেব বিষয়টা ভাল করে দেখান যে, সভাই এটা একটা বাজে জিনিষ হছে কিনা। তিনি ভালো করে দেখান, এই ক্ষমতা দিতে গিয়ে একটা প্রধান জিনিষ ওভারলাক করা হছে কিনা।

(SJ. BANKIM MUKHERJEE:

বাঘের চেয়ে ফেউএর জোর বেশী) ।হাসা।।

The Hon'ble Iswar Das Jalan: This is already in the Village Self-Government Act, "who obstructs a police officer".

#### 31. Subodh Baneriee:

ডেপ্টো স্পাকার সারে, এই পঞারেত বিলের ৫১ নং ধারা পড়ে মনে হচ্ছে যে, জালান সাহেব চোকিদারকে একেবারে মাজিস্থেট মনে করে ফেলেছেন, যেন তাকে মাজিস্থেট বানিরে দিরেছেন। প্রেসিডেন্সি মাজিস্থেটদের রায় পড়লে দেখা যায় যে তিনি মাঝে মাঝে সন্দেহ প্রকাশ করেন কোন লোকের বিরুদ্ধে প্রাইমা ফেসী কেস আছে কিনা। এই প্রশ্ন বিচার করতে তাদের সন্দেহ

দেখা দেয়। দারোগা বাব্রা এই ব্যাপারে ভূল করার জন্য ম্যাজিল্মেটরা শ্বিকচার বহ্বার দিয়েছেন। সেইসব ঘটনা সত্ত্বেও মাননীয় মল্টীমহাশয় চৌকিদারের উপর কোন লোকের বির্দ্ধে প্রাইমা ফেসী কেস আছে কিনা তা নির্ণয়ের ভার দিয়েছেন। (এ ভয়েস: চৌকিদার যে মিনিন্টারের চেয়ে ভাল।)

"He may, without an order from a Magistrate and without a warrant, arrest—(a) any person who has been concerned in any cognizable offence" একজনের নামে হালিয়া বেরিয়েছে, চেনিকদার সংবাদ জেনেছে। সেক্ষেতে চেনিকদার তাকে ধরতে পারে, কিন্তু অন্য ক্ষেত্রে কি করে সে ব্রুবে একজন লোক দোষ করেছে বিচার না করে? তারপরে দেখুন, বিলে বলা হয়েছে যে, কারও বিরুদ্ধে রিজনেবল কমপেলন্ট থাকলে তাকে বিনা পরোয়ানায় চৌকিদাব গ্রেণতার করতে পারবে। কে বিচার করবে কমপেলন্ট রিজনেবল কিনা? চৌকিদার বিচাব করবে? প্রাইমাফেসি কেস দাঁড়াছে কিনা, সেটা কোর্টের বিচার্য। সেথানে সেই ব্যাপার চৌকিদার বিচার কববে? গ্রহি সে গ্রহুনেবল কমণেলন্ট হয়েছে বলে মনে করে, তাহলেই পরোযানা ছাড়াই সে গ্রেণ্ডার করতে পারবে। এখানেই শেষ নয়, তাকে প্রদন্ত কমতার নম্নাটা দেখুন,

or credible information has been received.

তাহলে বিনা পরোয়ানায় গ্রেপ্তার করতে পাববে। কে বিচার করবে? চৌকিদার? চৌকিদারের কাছে যদি মনে হয় যে, ইনফরমেশন ক্রেডিবিল, তাহলেই সে একটি লোককে গ্রেশ্তার করতে পারবে। আরো দেখুন কি দাঁড়াচ্ছে, অর রিজনেবল সাসপিসন একজিণ্ট। সাসপিসন রিজনেবল কিনা তার বিচার করবে চৌকিদার। একটা জিনিষ আমাদের বিশেষকরে মন্ত্রীমহাশয়ের বোঝা দবকার যেখানে বিচাব ব্রশ্বি প্রয়োগ করতে হয়, যেখানে বিচার না করে বলা যায় না, কোনা যান্তিমতে কোনাটা নয়, সেখানে একটি লোককে বিনা পরোয়ানায় গ্রেপ্তার করবার ক্ষমতা মাসিক ১০ টাকা মাইনের একজন চৌকিদাবের উপর দিয়ে দিচ্ছেন? দশ টাকাও नय़, আগে মाইনে ছিল পাঁচ টাকা, এখন ইউনিয়ন বোর্ড বাড়িয়ে **করেছে** আট টাকা। **এই** রকম একটি চৌকিদার একজন লোককে বিনা পরোয়ানায় গ্রেম্ভার করে নিয়ে যেতে পারবে। ভার পবের ঘটনা আমাদের জানাই আছে বাঘে ছ'লে ১৮ ঘা, আর প্রলিশে ছ'লে ২১ ঘা মানে লোকটিকে টানাপোডেন করে হয়বান করে। ৬েডে দেবেন, আপনাদের এও সব দারোগা বাব রয়েছে, অঞ্চল পশ্চায়েত প্রধান, উপ প্রধান বগেছে, এদাক্ষ উপাধাক্ষ প্রভৃতি দঠিভাগ্যা, গালভরা শক্ষের সব লোক রয়েছে ভাদের দিয়ে এসব কাজ করিয়ে নেন না কেন্ড চের্কিদার বেয়ারা যে মাত ১০ টাকা মাহিনা পাষ্ তার হাতে এসবের ভার না দেওয়াই ভাল। মন্ত্রীমহাশয়, ধ্বীকার করেছেন যে, মিউনিসিপর্নালিটির চেমে গ্রামে উপদলীয় ঝগড়া ঝগড় বেশী। আর গ্রামে অঞ্চল পঞ্চায়েতের তাঁবেদার লোকই চেটিকদার হতে পারবে। তাহ**লে সেই রকম লোকের** হাতে ঢালাও ক্ষমতা দিলে বিরুদ্ধ দলের লোকদের রক্ষা নাই। ১০৭ ধারায় লাঠ, আরসন, মার্ডার যতগুলি ধারা আছে যেসব ধারায় মিথা। মামলা এনে চৌকিদারদের দিয়ে বিনা পরোয়ানায় গ্রেপ্তার করিয়ে নিবীহ লোকদেব হায়রান করা হবে। তাই আমি বলছি যে, এগুলি তুলে নেওয়া উচিত। চোকিদারের হাতে এইরকম ঢালাই ক্ষমতা দেওয়া উচিত নয়।

#### Sj. Mrigendra Bhattacharjya:

চৌকিদারের উপর যেভাবে ক্ষমতা দেওয়া হচ্ছে, তাতে কারো প্রতি সাসপিসন হলেই সেরাহতার লোককে ধরে আনতে পারে বিনা পরোয়ানায় য়য়রাছট করে। এইরকম য়য়রারছ করার ক্ষমতা মন্দ্রীমহাশায়েরও আছে কিনা জানি না। এইরকম ক্ষমতা একজন ৮।১০ টাকা মাইনের চৌকিদারকে যে নাকি একজন অতি সাধারণ গৃহস্প, যার কোন রকম লেখাপড়া জানা নাই বা বিশেষ কোন জ্ঞান নাই, তার উপর যদি এইরকম একটা ভার দেওয়া হয় যে, সে যখন তখন যে কোন লোককে য়য়রেছট করতে পারবে, তাহলে আমাদের কনিষ্টাটউশনএ উল্লিখিত সিভিলা লিবাটির প্রতিটি ধারা যে ভগা হবে, সেবিষ্যে সন্দেহ নাই। এবং তাছাড়া প্রামবাসীদের ব্যক্তি বাধীনতা যে রক্ষিত হবে সে সম্ভাবনা কম। এইরকমের গ্রুর্তর একটা দায়িছ চৌকিদারকে দেওয়া কোন রক্ষেই আমরা সমর্থন করতে পারি না।

[4-30-4-40 p.m.]

## Dr. Jatish Chosh:

স্যার, আমার কাছে এই ক্লব্ল ৫১টা নিরস ভয়াবহ স্তুপ ছাড়া আর কিছ্রই নয় বলে এটাকে একেবারে গ্রহণ করা যায় না। ফার্ট্ট ক্লগুএ যেখানে বলেছেন,

"Any person proclaimed as an offender under any law"
এটা সুম্বন্ধে আমি বিশেষ কিছু বলব না তবে সেখানে শুধু বলতে চাই,

"under proceeding validly instituted against such person" be substituted. কারণ হচ্ছে যে, এই এনি ল কথাটার মানে অভাত ভয়াবহ। অর্থাৎ চৌকিদারকে যেভাবে ক্ষমতা দেওয়া হয়েছে, তাতে আবার এনি ল কথাটা দেওয়া সম্পূর্ণ অয়োস্থিত।

দ্বিতীয় কথা আমার ক্লজ ৫১(১বি)এ যেখানে রয়েছে.

"He shall report to such officer-in-charge—the—arrival—of such suspicious character in the neighbourhood"

সেখানে এই সাসপিসন ক্যারেকটরএর উপর স্থানার গ্রনেক বলার আছে। সাসপিসন ক্যারকটর ব্যাপারে ১৯৫০এ মেদিনীপর্রের জেলা মদিং শ্রেট আমার উপরে একটা রেশ্বিকসন অভার দিলেন যে,

you should not mix with any such suspictous character. But he did not supply me with any list of these names.

অতএব কোন চৌকদারের কাছে যদি কোন সাসপিসাস কারেকটরএর নাম বলে দেওয়া না হয় ভাহলে সে দেশের সমসত লোককেই সাসপিসাস কারেকটরএর লোক বলে মনে করবে। কয়েক দিন আগে আমি ডাঃ রায়কে একটি চিঠিতে জানিয়েছিলাম যে, আমি কি এখনও সাসপিসাস আছি, যার জনো আমার ডিসপেন্সাবির সামনে আই, বিরা ঘোরাঘ্রির করে, তিনি তার উত্তরে জানালেন যে আমি গার সন্দেহের কারণ নেই। কিন্তু তব্তু কিছ্বিদন আগে আমি যখন এক ভায়গায় য়াছিলাম তখন দ্টি লোক আমার পেছন পেছন আসাতে আমার খ্ব রাগ হয়েছিল বলে লোকদের ডেকে বললাম যে, এই দেখ আমি একজাড়া ডালকুরার বাছ্ছা প্রেছি। এইসব বলাতে সন্ধোণ্রলা আই, বি অফিসার ইন-চার্জা, ডিসপেন্সাবিতে এসে আমায় যখন বললেন, আপনি লোক্বে এই বলে গালাগালি দিয়েছেন, তখন আমি তাঁকে বললাম, আমি দিয়েছি, আপনার ক্ষমত। ওবে আপনি আমার বির্দ্ধে কেস কবতে পারেন। কিন্তু আমি জানি যে, এই কেসে ডাঃ রায়ের চিঠি নিয়ে.

Now I am not a suspicious character.

সব প্রমাণ করে দেব এবং এইসব বলাতে তিনি তথন আছেত আছেত চলে গেলেন। এরপর একজন প্রনিশ ইন্সপেকটর আমাব কাছে এসে সমহত ঘটনা জানতে চাইলে, আমি বলি যে, বাবে বাবে কমপেলন, য়াসেমন্থিলতে কোয়েন্দেন এবং ডাঃ রায়কে চিঠি লেখাতে যথন তাঁরা বলেন যে, আমি সাসপিসাস কাবেন্ট্র-এব লোক আর নই, তথন ওবা কেন আমার পেছনে এরকমভাবে ঘ্রের বেডায় এবং আমার উদ্দেশ্য ছিল যে, এই নিয়ে একটা গোলমাল হোক বলেই আমি বলেছিলাম যে, আপনাদের ইচ্ছা যাতে আপনারা আমাব বিবৃদ্ধে কেস করতে পারেন, কারণ আমি জানি যে, আমি ডাঃ বায়েব চিঠি প্রডিউস করতে পারি এবং তাঁকে এই বামারে কল পর্যাণ করতে পারি। আমার গোঘাট থানায় বাড়ীতে গেলেই দফাদার নমন্কার জানিয়ে, আমাব থাকবার দিনটা জানতে এল এবং কারণ জানতে চাইলে, তারা বলে, দারোগাবাব্র হকুম। সেখানে সাসপিসাস কারেকটর বলে দারোগাবাব্র সন্দেহ হলে তিনি এইসব জানতে চান। কিন্তু এখানে জালান সাহেব চৌকদারদেব উপরে ঢালাও হকুম দিয়ে দিলেন যে, সাসপিসাস কারেকটবএর লোককে গ্রেণ্ডার করবে। এব ফলে হবে এই যে, পল্লীগ্রামে আমাদের কলএ যাবার আর উপায় থাকছে না। সাতরাং এইরকমভাবে সাসপিসাস কারেকটর বলার অর্থ কি আছে এবং এই সাসপিসাস কারেকটরঞ্চির বাপারে

I demand an explicit answer from the Minister as to what sort of suspicious character is meant by that

অর্থাৎ আমি এখানে জানতে চাই যে, সাসপিসাস কাারেকটর বলতে পলীগ্রামে বামপন্থী পালিটক্যাল পার্টির লোকেদের সেখানে সাসপিসাস ক্যারেকটরএর লোক হবেন কিনা। অতএব এই সাসপিসাস ক্যারেকটর কথাটি দিয়ে চৌকিদার দফাদারদের হাতে বিশেষ ক্ষমতা দেবার যে ব্যবস্থা করছেন, সেটার আমি বিরোধী এবং বর্লাছ এই সাসপিসাস ক্যারেকটর কথাটি একেবারে বাদ দেওয়া হোক।

তারপর এই প্রসঞ্চো আমার আর একটি কথা আছে। যার সাস্থাপসাস কারেকটরএর লোক অর্থাৎ যেমন আমরা পলিটিকাল সাসপেস্ট ও সার্সাপসাস সেইরকম যারা পলিটিকাল সাসপেস্ট ও সার্সাপসাস সেইরকম যারা পলিটিকাল সাসপেস্ট ও সার্সাপসাস সেইরকম যারা পলিটিকাল সাসপেস্ট ও সিক্রিউরিটি এ্যান্টও যারেণ্ট হয়েছে, তারও সকলেই সাসপিসাস এবং তারা অনেকেই এখন গভনমেন্টের কাছ থেকে পেনসেন পাছেছ। এথচ দেখুন যারা খ্লাক মাকেটি করছে, দে আর নট সাসপিসাস রাটে অল, তারা কোন দিনই সাসপিসাস কারেকটরএর লোক হয় না এবং তারা চিরকালই সরকারেব বন্ধ। অর্থাৎ তারা কোনদিন সাসপিসাস কারেকটর হয় না, কিন্তু যত পলিটিকাল পার্টি বা অপোজিট পর্টির লোক তারা সাসপিসাস কারেকটরএর লোক হয়। এসব ছাড়া এদের উপর আরও একটা রাক্তম থাকবে। আমি জানি কোন কোন প্রেসিডেন্ট বা আমি যথন ইউনিয়ন বেডিএ ছিলাম, তথন আমাদের গাঙিবিধির একটা রিপোর্ট দিতে বলা হত। সেইরকম এদের উপরে আমাদের গতিবিধির একটা রিপোর্ট দেবাবও একটা বাক্তমা আছে। এই সাসপিসাস কারেকটবএর কুজটা সম্বন্ধে আমি বলছি যে, এটা একটা ম্বর্ণের ওয়াবহ দ্তে, দ্তে ছাড়া আর কিছ্ই ন্য। অতএব এটা আমাদের কাছে গ্রহণ্যোগ্য নয়, এবং সেজনে। এটাকে অমিট করার জন্মই বলেছি।

8j. Raipada Das: Mr. Deputy Speaker, Sir, I have got two amendments to this clause and I want to speak on them together. No chowledar should ever be given power to arrest any person without an order from a Magistrate and without a warrant. Chowkidars are mostly illiterate persons, having little power of understanding and indepent, and can easily be bought off to act in a particular way by a mill ofter of money. To yest such people with power to arrest on that own initiative will be dangerous thing. It passes one's understanding how any Government worthy of the name - much less a popular Government-could ever think of giving a chowkidar power to arrest an honest citizen without a warrant or without an order from a Magistrate. This is not only reactionary in the extreme, but revolting to all our ideas of decency, democracy and elementary right of man. When the big men at the top of the administration stand charged with wanton abuse and misuse of power, what to think of these rustic, illiterate chowkidars exercising the power of orest on flimsy or imaginary grounds? Can arrogance of Governmental power to further? My amendment, therefore, proposes that in line 2 d section 51(1)(1) after the words "without a warrant" the words "but with the cognisance and written order of the Pradhan of the Anchal Panchayat' be inserted

Then with regard to my amendment to section 51(1)(ma). For an illiterate chowkidar to ariest a person on mere suspicion is the worst of tragedies which can betall a person and that under a popular Government. One would simply cry in dismay, "what are things coming to?". Insolence of power has not only robbed air rulers of all sanity but has converted them into fascists of the worst type. Or else, how could they vest an ignorant chowkidar with power to arrest an innocent citizen on the plea of a reasonable suspicion existing against him? And who is to judge and ascertain the reasonability of his suspicion? Why, the Government's village agent and representative—the chowkidar!

[4-40-4-50 p.m.]

# Si. Subodh Choudhury:

মাননীয় স্পীকার মহাশয় আমি আমার য়্যামেন্ডমেন্ট ব্বারা চ্রেকিনারদের উপর ষেরকম ক্ষমতা দেওয়া হয়েছে সে সন্বন্ধে মাননীয় মন্দ্রীমহাশয়কে অন্বরাধ করিছি, আমার এই য়্যামেন্ডমেন্ট গ্রহণ করার জনা। প্রথম কথা হছে, চ্রেকিনাররা বিনা ওয়ারেন্টে বাকে সন্দেহ করবে, তাকে গ্রেণ্ডার করতে পারবে বলে যে অধিকার দেওয়া হয়েছে সে সন্বন্ধে আমি আমার য়্যামেন্ডমেন্টএর ব্বারা বলেছি যে, যিদ সাফিসিয়েন্ট সময় থাকে, তাহলে পর ম্যাজিন্ট্রেটএর কাছ থেকে ওয়ারেন্ট নিয়ে এসে তাকে গ্রেণ্ডার করতে হবে। যিদ এরকম হয় যে, সাফিসিয়েন্ট সময় নেই, তাহলে অঞ্চল পণ্ডায়েতের প্রধানের কাছ থেকে কিংবা গ্রাম সভার অধ্যক্ষের কাছ থেকে প্রায়র স্যাংসন নিয়ে তাকে গ্রেণ্ডার করতে হবে। অবশ্য এটা আমার য়্যামেন্ডমেন্টএর মধ্যে আছে যে, অধ্যক্ষ এবং প্রধান যে অঞ্চলের মধ্যে তারা সীমাবন্ধ, সেই অঞ্চলের লোকদের যাদ য়্যারেন্ট করতে হয়, তবে তার অনুমতি নিতে হবে এবং তার স্যাংসন নিতে হবে। আমার য়্যামেন্ডমেন্ট দেওয়ার প্রধান কারণ, মন্দ্রীমহাশয় বোধ হয় জানেন। ইউনিয়ন বোর্ড এর যেসব ম্যানুয়েল বেরিয়েছে, চ্রেকিনার ও দফাদারদের পারিগ্রমিক আগে ৬ টাকা ছিল, এখন বোধ হয় ৮ টাকা হয়েছে। এই অবস্থায় মানুয়ের ৮ টাকায় চলতে পারে কিনা সেটা আপানারা বিবেচনা করে দেখবেন। আমার মনে হয়, আজকে কোন লোকেরই ৮ টাকায় চলতে পারে না এবং আপনাবদের ম্যানুয়েলএ বোধ হয় আছে

they are supposed to be whole-time workers of the Government.

তারা সব সময় গভর্নমেন্টএর কাজ করে, যখনই প্রয়োজন তথনই তারা কাজ করে থাকে, সংসার যথন চলে না, স্বাভাবিকভাবে তথন গ্রামের লোকের উপর তাদের ভরসা করতে হয়, তাদের সাহায়্য নিতে হয় এবং নানা কারণে তাদের বাধাবাধকতা থাকে এবং নিশ্চয়ই অণ্ডল পণ্ডায়েতের ম্বারা এমন ম্বর্গারাজা স্থাটি করতে পারবে না, অবশ্য তার ধারা এর মধ্যে নেই যে, গ্রামের মধ্যে এরকম দলাদলি রেষারেষি চিরতরে বিল ১০ হয়ে ফবে। সতেরাং এই চৌকিদারদের গ্রামে কারও উপর বাধাবাধকতা যদি থাকে, তাহলে আপনারা যে ক্ষমতা দিয়েছেন, তাতে অপর পার্টিকে জব্দ করার জন্য তারা নিশ্চয়ই সে ক্ষমতা বাবহার করতে পারবে এবং আমার পূর্বে মাননীয় भूरताधवावः वरलएधन त्य, काउँरक यनि क्रोिकमात भाभरभङ्के करत धरत निरम्न शिक्ष थानाम शिक्षत করে, তারপর তার দারবন্ধার কথা চিন্তা করতে পাবেন নিশ্চয়ই। অনারেবলি য়্যাকইটেড হয়ে হয়ত আসতে পারে, কিন্ত তার যে হয়রানি তা নিন্চয়ই যাবে না। এবং এখানে বিভিন্ন ধারায় যা করেছেন, চের্নিক্দারদের ক্ষমতা দেওয়ার মধ্য দিয়ে তাতে ব্রুঝা যাচ্ছে, সত্যিকারের এই বিলটাকে কোন দিকে ডাইরেক্ট করছেন। সতাই গ্রামের মধ্যে শান্তি স্থাপনের জন্য গ্রাম রক্ষণবেক্ষণ কিংবা গ্রামে যে সমস্ত অন্যায় কাজ সেগ্রলি বন্ধ করার জন্য কিছু করছেন না। যার৷ আপনাদের বিরুদেধ রয়েছে, তাদের উপর এই আইন প্রয়োগ করাব জন্য এই লোকগুলিকে নিয়ে। প করছেন। এ জিনিষ্টা চিন্তা করে দেখার আছে। মাননীয় জ্যোতিষ্বাব, তার ব্যক্তিগত অভিজ্ঞতার কথা বলেছেন, যদি সত্যিকারের সেই এভিজ্ঞতার কথা চিন্তা করে দেখেন, যদি आभनाएमत উएएमण ना इस एय विद्राधी शक्क किश्वा आभनाएमत विद्राप्य याता यादा, ठाएमत উপत এই আইন প্রয়োগ করবেন, তাহলে এইরকম ধারা রাখতেন না। এখানে চৌকিদারদের দায়িত্ব রয়েছে, সমস্ত লোকের চলাফেরার দিকে কিংবা কি করছে না করছে কাদের সপো মিশছে না মিশছে সেই সমস্ত দেখার ক্ষমতা দিচ্ছেন, চৌকিদারদের উপর। আপনাদের যদি সেই উদ্দেশ্য ना थारक, তारल आभात এই शास्त्रम्छसम्ये গ্রহণ করে আপনাদের যে একটা মহৎ উদ্দেশ্য আছে. সেটাই প্রমাণ কর্ন।

# Sj. Saroj Roy:

স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মন্দ্রীমহাশরকে প্রথমেই বর্লাছ যে, তিনি যদি আমার য়্যামেন্ডমেন্ট্টা দেখেন, তাহলে দেখবেন যে, এটা অত্যন্ত রিজনেবল এবং একটা ইননোসেন্ট র্য়ামেন্ডমেন্ট দেওরা হরেছে। প্রথমেই অন্রোধ জানিয়ে রাখি, তিনি যেন এটা গ্রহণ করেন। তিনি এক জায়গায় বলেছেন যে

he shall assist private persons in making such arrests as they may lawfully make, and he shall report such arrests without delay to the officer-in-charge of the police-station.

এই পর্যান্ত বলে রেখে দিয়েছেন। আমি সেখানে যোগ দিতে চাচ্ছি যে, "and to the Pradhan of Anchal Panchaya!"

আপনারা ৫১ সেকসনএর দিকে তাকিয়ে দেখুন, সেখানে বলছেন যে, চৌকিদার এবং দফাদাররা তার। শুধু পর্বিশ ষ্টেসনে থবর দেবে ঐ জারিসডিকসনএর ভিতর। আমি চাই যে শুধু তাই নয়, অঞ্চল পশায়েতের যে প্রধান তাকেও তারা খবর দেবে। একজন অঞ্চল পশায়েতকে কি অণ্ডল পণ্ডায়েতের প্রধানকে খবর দিলে সমসত জিনিষ্টা আরও পরিষ্কার হয়ে যাবার সম্ভাবনা থাকে। সেখানে কাউকে একটা অণ্ডলে য়ারেণ্ট করল, সেখানে নানারকম ভূলদ্রাশ্তিও হতে পারে. এরকম বহু, হাজার হাজার কেস দেখেছি যে, ইননোসেন্ট লোককে ভুল করে য়াারেষ্ট করেছে। কিন্ত অঞ্চলের যিনি প্রধান, তার অঞ্চল সম্বন্ধে অভিজ্ঞতা ঢের বেশী আছে, সে সম্বন্ধে খোজ খবর নেবার সুযোগ স্ক্রবিধাও একজন প্রতিশ অফিসারের চেয়ে তার অনেক বেশী আছে প্রতিশ অফিসারকে চৌকিদার দফাদার সংবাদ দিচ্ছে তার সংগ্যে সংগ্য যদি অঞ্চলের প্রধানকে সংবাদ দেয়, তাহলে প্রধান সেটা খুব শাঘ্রই ও খুব সহজে ইনভেন্টিটোট করে প্রকৃত ও সত্য-মিথাা বের করতে পারেন। কেউ যদি সভিকোবেব ক্রিমিন্যাল হয় ত ভাল, কিন্তু যদি ক্রিমিন্যাল না হয়? সেখানে চৌকিদার দফাদারদের উল্লেখ্য হয়ে পারে একজন বিদেশী কর্মচারী হিসাবে দাবোগার ভল্লান্তি হতে পারে। কাভেই সেখানে অঞ্জের প্রধানের সেই সমস্ত লোকালে সম্পর্কে থোঁজ থবর বেশী আছ। সেই জাষগায় ৩৫৫ প্রথমেই পর্লেশে না দিয়ে তার সম্মান অক্ষায় রাখতে পারেন। এই কমনসেন্সটা মন্ত্রীমহাশ্যের মাথায় কেন আসছে না তা ব্বতে পাচ্ছি না। আমরা জানি যে গ্রামাণ্ডলে বহু জাষ্গায় এইবকম ভুলচ্চান্তি হয়। বহু জায়গায় দেখা গেছে त्य. त्य कान लाक इनत्नारमणे हाक ना कन. श्रीलामत काछ शिख छाक छात्र छात्र । বিরুদেধ নানারকম কেস হবে, নানাবকম প্রশন তার বিরুদেধ দাঁড়াবে, তথন তার বিরুদেধ নানা-রকম কেস দায়ের হয়ে যাবে। কাজেই মান,যুকে আপনাবা চারিদিক থেকে নাস্তানাব্দ করার বাবস্থা কবছেন। সাত্রাং এইটাক যাদ গ্রহণ কবা হয়, তাহ**লে সবচেয়ে ভাল হয়, আর** তা নাহলে পর্নিশেব হাতে সমসত ক্ষমতা চলে যাবে, তাদের মনোপলি হয়ে যাবে, এইসব ব্যাপারে: আবার তার উপবও প্রেসকাইবড এথবিটি আছেই। সতেরাং আমি আশা করি মুলীমুহাশ্য আমার সংশোধনীটা বিবেচনা করে দেখবেন।

## 8j. Kanai Lal Bhowmick:

মাননীয় প্পক্তির মহাশ্য়, আমার য়ামেশ্ডমেশ্টটা সরোজবার্রই মত সরোজবার্ যেসর যাছি দিয়েছেন আমি তার উপক আর করেকটা কথা বলতে চাই। এখানে দেখনে যে এই চৌকিদারদের হাতে একটা সামার্থনি ক্ষমতা ব দেওয়া হয়েছেই, তারপরে এখানে বলেছেন যে, he shall observe, and from time to time report to such officer-in-charge, the movements of all bad characters.

এই বাড়ে কারেকটর বলতে উনি কি মিন করেন, তার কোন কিছ্ এর মধ্যে ভাল করে কলা হয় নি। এখানে বাড়ে কারেকটব লোকদের পেছনে তারা নজর রাখবে এবং অফিসার ইন-চার্কের কাছে রিপোর্ট করবে। অওল পণ্ডায়েংকে নয়, প্রধানকে নয়, বা অন্য কাউকে নয় এর থেকে আমাদের গভাঁর সন্দেহ হচ্ছে যে উনি বাড় কারেকটর বলতে কাকে মিন করতে চাচ্ছেন এবং সেদিক থেকে চৌকিদারদের দিয়ে গোয়েন্দার্গারি কাজ করানো এবং তাঁদের বিরোধী বা সম্মলোচনাকারীদের পেছনে লেলিয়ে দেওয়ার একটা গভাঁর বড়্মন্ত এর পেছনে আছে বলে আমাদের সন্দেহ হয়। সেজনা আমি বলছি যে এই ধরনের কোন ক্রজ থাকা উচিত নয় যে চৌকিদারের হাতে একটা সীমাহীন ক্রমতা থাকবে এবং সে যে কোন লোককে সন্দেহ করে বাড়ে কারেকটর বা তার নিজের মনের মত্ত করে গড়ে নেবে এবং তখন তার অফিসার-ইন-চার্জ তাকে জানিয়ে দিল যে অম্ক অম্ক লোকের পেছনে খেজি রাখ এবং তার সম্বন্ধে সমুস্ত খেজিখবর দাও। এইরকম নানাভাবে গ্রামাজীবনকে বিষময় করে ভোলার ব্যবস্থা হবে এই ধারার মধ্য দিলে।

সেজনা কিছ্টা চেক থাকা চাই। এসমসত ব্যাপারে অঞ্চল পশ্চায়েত বা প্রধানকে জানাভে হবে, তাহলেই কিছ্টা চেক থাকতে পারে। এবং চৌকাদাররা যাতে কোন অন্যায় বা অবিচার না করতে পারে সেজনা এই সংশোধনী এখানে দিতে চাই। তাই আমি য়্যামেন্ডমেন্টএ বলেছি যে অফিসার-ইন-চার্জকে জানাবার সময় অঞ্চল পশ্চায়েতকেও জানাতে হবে—এটা মেনে নিতে কোন আপত্তি থাকা উচিত নয়। যদি না বিভিন্ন রাজনৈতিক দলের উপর আপনারা গোয়েন্দাগিরি করাতে চান।

## 8j. Sasabindu Bera:

মাননীয় স্পাঁকার মহাশয়, আমার ৪৮১ এবং ৪৮২নং য়ামেন্ডমেন্টএর সন্বন্ধে গোপিকা-বিলাসবাব; আইডেন্টিক্যাল য়ামেন্ডমেন্ট এনেছেন বলে আমার কিছু বলার নাই। ৪৮৬নংএ আমি বলব দুফাদারের ফ্যাংসনএর সংগে এটা যোগ করে নিন। যেখানে আছে—

every datadar shall exercise all the powers conferred on a chowkidar under sub-section (1) and shall perform such duties as may be imposed upon him by rules made under section 118—

এর সংগ্র দিতে চাই—

and shall in addition exercise general control over the chowkidars, within his area as their head.

চৌকিদারের সংশ্য দফাদারের কি রিলেসন হবে সেটা এর দ্বারা পরিন্দার করে দিতে চাই।
দফাদার চৌকিদারদের হেডম্যান হিসাবে থাকবে এবং তাদের উপর জেনারেল পাওয়ার কন্ট্রোল
এক্সারসাইজ করবে। ভিলেজ সেলফ-গভর্নমেন্ট এয়াকে নাই। এথানে সেজনা বলতে চাই
দফাদার হেডম্যান হিসাবে জেনারেল পাওয়ার এক্সারসাইজ করবে এটা এই আইনে লিপিবদ্ধ কবে
দেওয়া উচিত। এজনাই এই যাামেন্ডমেন্ট এনেছি।

# Sj. Narendra Nath Ghosh:

মাননীয় প্পীকার সারে, এখানে চৌকিলবদের উপর ক্ষমতা দেওয়া হচ্ছে যে তারা ইইলাউট ওয়ারেন্ট য়য়ারেন্ট করতে পারবে এটা অত্যন্ত ব্যাপক ক্ষমতা। এত ব্যাপক ক্ষমতা দেওয়ার কি প্রয়োজন আমরা ব্রুতে পারি না —এটা বিরোধী দলের উপর প্রয়োগ করা হবে কিনা প্রতাকের তাই সন্দেহ হচ্ছে। আরেক দিকে এতে ফল হবে কি গ্রামের লোক অধিকাংশই ইললিটাবেট, সামান্য কারণে বা মনোমালিনোর ফলে তাদের চৌকিলাররা অথথা ধরে নিয়ে যাবে, এবং গ্রামে এক শ্রেণীর লোক থাকবে যারা এই সনুযোগ গ্রহণ করবে টাউটার্গার করবাব। এতে তার চৌকিলারের যোগসাজনে কিছু রোজগারের চেন্টা করবে। তাই যেখানে উইলাউট ওয়ারেন্ট য়ারেন্টএর বাবস্থা আছে সেখানে উইলাউট ওয়ারেন্ট রার্রিকার বাবস্থা আছে সেখানে উইলাউট ওয়ারেন্ট এই কথাটা বসাতে চাই। আশা করি এ সন্ববেধ মন্ত্রীমহাশয় বিবেচনা করবেন।

### Dr. Hirendra Kumar Chatteriee:

মাননীয় স্পীকার সারে, আমরা জানতাম ঈশ্বরদাস জালান মশাই অতানত ধার্মিক লোক। কিন্তু এই ৫১নং ধারায় যেভাবে অধর্মটা টিকিয়ে রাখছেন

### The Hon'ble Iswar Das Jalan:

যাতে আর বেশী অধর্ম না হয়।

## Dr. Hirendra Kumar Chatterjee:

এখানে ভিলেজ চৌকিদারকৈ যে ক্ষমতা দেওয়া হচ্ছে তাতে তাকে রাইটার্সা বিভিড্পেএ হোদ্ধ মিনিন্টার করে দেওয়া উচিত ছিল তাহলে মুখ্য মন্দ্রীমশাইকে যে একা কাজ কবতে হস্ত তা করতে হস্ত না, এরা ওকৈ কিছু সাহায্য করতে পারত।

Mr. Speaker: Don't be ironical. Please be relevant. This is a serious Bill and you speak on the point.

4.50—5 p.m.]

# Dr. Hirendra Kumar Chatterjee:

এ কথা বলতে বাধ্য হচ্ছি, স্যার, কেননা, ষে চোকিদারকে ক্ষমতা দেওয়া হচ্ছে সেই চোকিদারের লেখাপড়ার স্টান্ডার্ড কতদ্র, মাইনেই বা কত—অথচ তাকে রেসপনাসবিলিটি দিছেন কতখানি। তাকে যে কাজ দেওয়া হচ্ছে তা যে কোন রেসপনাসবিল অফিসারএর কাজের সমান।

রেসপর্নাসবিল অফিসার যার দাযিৎজ্ঞান আছে তার হাতে দিতেন আপত্তি ছিল না : যেমন গত মিকিউরিটি এট্টে একটেনসন ডিবেচএ বলা হয়েছিল। গ্রাজকে কংগ্রেস সবকাব যারা সোমিয়া-লিস্টিক পাটোর্ন নিয়ে এসেছেন ভারা দিনের পর দিন ইভলিউসনএর দিকে নয়, ইনভলিউসনএর দিকে কতদার যেতে পারেন তাই দেখাছ। ফাতিকেট্ট নয় এস, ডি. ও. নয় দফাদার, ভি**লেজ** চৌকিদারে নেমেছেন। আমাদের জালান সংহেব জানেন কিনা একজন চৌকদারের কি স্ট্যান্ডার্ড অফ রেসপনসিবিলিটি আর বি তাব সেন্স এফ দেসপনীসবিলিটি নয়েছে আজকে আট বছর বংগ্রেসী শাসনের পরে? সেজনে। বলেছি একে হেমে মিনিস্টার করাই উচিত ছিল। **এই যে** কাজের লিস্ট একটা দিয়েছেন এইসব কাজ সাধারণত প্রামে যে একজন চৌকিদার থাকে তার পক্ষে অর্থাৎ কোন একজন মানুষের পক্ষে তা কবা সম্ভব নহা। এটা হালান সাহেব জানেন কিনা ভার লেজিসলেটিভ ডিপার্টমেন্ট যাবা এই ড্রাফটিং কনেছেন তাবা জানেন কিনা যে একজন গ্রামা চৌকিদার তার ডিউটি যদি হয় সে সাসপেন্ড করবে এবং বছড় ক্রবেকটবএর লোকদের ফলো করবে আর তারজন্য তাকে নগদ মাল। দেওয়া হবে মাসে আর্টার্ট টাকা সে**ক্ষেত্রে জিনিস্টা কত** হাসাকর হয়ে পড়ে? অতএব দেখা যাচে এই চৌকদাবনে চোর করাই তাদের **উদ্দেশ্য। একটা** লোককে সে ধরে নিয়ে যাবে এবং তাব কাছ থেকে ঘ্যানিয়ে তাকে ছেতে দেবে এইভাবে মাইনের চেয়ে উপরি ভারী হবে এই বাবস্থাই এ'বা কবছেন। তার মধ্যে আবার চুকিয়ে দিয়েছেন দফাদার অথচ যেকথা শর্শবিদ্যবাব, বলেছেন, এই নফাদার চৌকিদারের রিলেসনসীপ কি ভা এখানে দেওয়া तिहै। এই म्कामाद्धपति हार्ड य लार्किय म्कानका श्रंत अविषया अस्मर तिहै। अशास कान যাামেন্ডমেন্ট এর প্রন্ন আসে না। এই ক্লড়কে হাংনেন্ড কবলে নতুন কিছুই হবে না, যেমন প্রেন জাতাকে হাজার তালি মারলেও কখনও নতুন হবে না। এই রুজ ৫১ সম্পর্কে বলতে হয়, কোন প্রকার সেন্স অফ জারিসপ্রাডেন্স যাব আছে। সে জানে আইন কাকে বলে। তিনি **যথন এই আইন** আনতে পেরেছেন তখন আসলকালে কংগ্রেস গভর্নমেন্টের বিপরীত বৃক্তিধ হয়েছে এবিষয়ে সন্দেহ নেই। আমি আপনাকে জানাতে চাই পঞ্চায়েতের যে আদর্শের কথা মহাস্থা গা**ন্ধী বারবার বলে** গিয়েছেন তা থেকে আজু যে আদর্শনিয়ে পণ্ডায়েত গঠিত হতে যাচ্ছে তা সম্পূর্ণ বিপরীত। গান্ধীজী লোকান্তরিত হয়েছেন, বেচে থাকলে ইয়ত এদেশে আত্মহতা কবতেন।

### Sj. Balailal Das Mahapatra:

মাননীর স্পীকার মহাদায়, এই ৫১নং ধারায় যে অসম্পা আনা হয়েছে ভাতে আমার মনে হয়।
এনে গ্রামে বিভাষিকার বাজহ স্থানি করে। এবকম বিলে জনসাধারণের প্রকৃত কল্যাণ কোনদিনই হতে পারে না। বিশেষকরে এই ধারানি গ্রামে গ্রামে সংগ্রামের রাজঃ স্থানি করে।
এখন প্রতি থানায় যে একটি দারোগা থাকেন ভার দাপটে সেই গ্রামান্তলের লোকেরা বাতিবাস্থহয়ে উঠে, আর প্রতি গ্রামে একজন করে দারোগা। স্থিন কর। এখন এছে। যেমন স্পেশালে
প্রিল্ম এন্তি হয়ন পাস করান হল তথন বলেছিলাম এই প্রিশ্বে ম্যালিকেরিটএর পাওয়ার দেবার
বাক্তয়া ছিল্ল, এখনও স্বিক্রায়ে দেখাছ চৌকিদারের বেলাতেও ভাই হয়েছে

he may without an order from a Magnetrate and without a warrant arrest, এই চৌকিদারদের সম্বন্ধে মাননীয় স্পাঁকাৰ মহোদয়ও জানেন এরা গ্রামেৰ দলাদালির মধ্যে থাকে, সাধারণ লোকই এই চৌকিদারা কাজে আসে, মাসে ৫-৬ টাকা পায়, চুত্তি ডাকাতির সপো এই চৌকিদারদের সম্পর্কে থাকে। এই স্ট্যান্ডার্ড এক লোক, যার কোন স্টেটাস নেই তাকে দেওয়া হয়েছে ক্ষমতা উইসাউট মাজিস্ট্রেটস অর্ডার ট্ য়ারেন্ডা। যাকে সন্দেহ করবে তাকে, কগনিস-গ্রন্থক কেস যার মানে সে ব্ঝে না তাকে রারেন্ডট করবে। লোকে আশা করেছিল পঞ্চায়েত

বিল আসার সংশা সংশা গ্রামের শাসন ক্ষমতা, আর্থিক দায়িত্ব সব গ্রামের মান্বের উপর আসবে। সেখানে সাঁত্যকারের নাগরিক গড়ে উঠবে, কিন্তু এই যা হয়েছে তাতে ভয়ের কারণ আছে, এই বিল গ্রামের কেউ গ্রহণ করতে রাজী হবে না। আমি ডিটেলস দিতে চাই নে। আমি বলছি এই ধারাটি পরিবর্তন করা হোক এবং য়্যামেন্ডমেন্ট যেটা এনেছি আমাদের বিরোধী দলগর্নালর পক্ষ থেকে অর্থাৎ এই যে ম্যাজিন্টেটএর অর্ডার ছাড়া কাউকে গ্রেন্ডার করতে পারবে না এটা রাখা হোক।

## 8j. Pravash Chandra Roy:

মাননীর প্রাকার মহাশয়, জনসাধারণ আশা করেছিল যে পণ্ডায়েত বিলের মধ্যে যেসমুহত ধারা আছে সেগালিতে জনসাধারণের অধিকার বাড়বে এবং তাদের উপর বর্তমানে যে জলাম অত্যাচার চলে তা এর ম্বারা কমবে। কিন্ত এতে তার অধিকার বাড়া দূরের কথা তাকে কি করে আরও বেশী জব্দ করা যায়, আরও বিপদের মধ্যে ফেলা যায় তাই বিলের মাধ্যমে ব্যবস্থা করা **राराष्ट्र**। प्रीिक्त विरम्लियन केत्रल प्राथा यात्र य क्रोकिमात्रक प्रतः मकामात्रक मृद्धे क्रकस्मत দায়িত্ব দেওয়া হয়েছে। কতকগুলি দায়িত্ত আছে অঞ্চল পণ্ডায়েতের কাছে জানাবেন, কোথাও র্যাদ অন্বাভাবিক মতা হয় তাহলে অণ্ডল পণ্ডায়েতকে জানাবেন, হঠাং গ্রামের মধ্যে কোন সংক্রামক ব্যাধি দেখা দিলে সেটা অণ্ডল পণ্ডায়েতের প্রধানকে জানাবেন। এ ছাড়া অন্য যা কিছু ক্ষমতা তাদের দেওয়া হয়েছে সে সম্পর্কে কাজ অণ্ডল পণ্ডায়েতকে জানাতে বাধ্য থাকরে এরকম কোন কিছ, এই বিলে নেই। উপরুক্ত সেই চৌকিদার এবং দফাদারকে বাধ্য করা হয়েছে সমুস্ত কিছ, थवत रमरे थानात्क जानावात जता। विना उग्नादल्पेव ग्राह्मिक कतल रमहो चक्क भक्षाद्य । কর্তৃপক্ষকে জানাবার নয়, জানাতে বাধ্য থাকবে থানার দারোগাকে অথচ অণ্ডল পণ্ডায়েত এ **দফাদার এবং চৌকিদারের মাইনে দিতে** বাধ্য থাকবেন। আমরা দাবী করেছিলাম এদের মাইনে বাতে অণ্ডল পণ্ডায়েতকে বইতে না হয়, সরকার থেকে যাতে দেওয়া হয়। সেই দাবীকে অগ্রাহা **ব্দরা হয়েছে, এথচ অণ্ডল পণ্ডায়েতে**র অধিকার সেই চৌকিদার দফাদা**রে**র উপর রাখছেন না। এই চৌকিদার দফাদারের কাজে যারা আসবে তারা অতি সামানা লেখাপড়া জানা লোক, তাদেব উপর বিনা ওয়ারেন্টএ লোক গ্রেশ্তার করবার ক্ষমতা র্যাদ ছেড়ে দেওয়া হয়, সন্দেহজনক লোককে. সাত্যিই কে চোর, ডাকাত তা বিচারের ভার তার উপর ছেডে দিলে গ্রামের মধ্যে অরাজকতার স্ঞি হবে। কাজেই মন্ত্রীমহাশয়কে অনুরোধ করি এরকম একটা প্রতিক্রিয়াশীল ধারা যা জনসাধারণে? **নাগরিক** অধিকার কেড়ে নিতে যাচ্ছে তা প্রত্যাহার করন।

[5-5-10 p.m.]

## 8j. Janardan Sahu:

মাননীয় স্পীকার মহাশয়! আমরা পঞ্জীগ্রামে দেখতে পাই চৌকিদারেরা ৪-৫-৬ টাকা মাহিনা পায়, অথচ তাতেই সংসার চালাচ্ছে এবং অনেক সময় অনা বিশেষ কাজও করে না। দারোগাবাব বা অনাানা পর্লিশ কর্মচারীদের সদত্ত করবার জন্য তাদের জিনিসপত্র বয়ে নিয়ে বায়। তার জন্য আমরা দেখতে পাই কোন গ্রামে কোন অবিচার অনাচার হল বা কোথাও হয়ত চুরি হল তাতে তারা কিছ্ পায় এতেই তারা সংসার চালিয়ে নিচছে। তার উপর গ্রামে অসং প্রকৃতির লোকও আছে। তারাও চেণ্টা করে চৌকিদারকে দিয়ে তাদের স্ববিধা কোরে নেবার। কাজেই চৌকিদারের উপর এত শক্তি দিলে গ্রাম অশান্তিতে পূর্ণ হবে। কারণ চৌকিদার দেখবে বার আয়া বেড়ে গেছে। যখন ক্ষমতা বাড়বে তখন তারা কি আয়া যে করবে তা ভারতেই পারি না। সেখানে তারা অনা কাজকর্মা কিছ্ করে না; তাদের জমি জায়গাও কিছ্ নাই শ্রে তা দিয়ে সংসার চালাবে। সেইজনা চৌকিদারকে এত ক্ষমতা দিলে কতকর্ম্বাল দৃষ্ট প্রকৃতিব লোক চৌকিদারকে প্রসা দিয়ে হাত কেম্বর তাদের বির্শ্বপক্ষের লোককে আসামী কোরে তাদের মারকেট করাবে। এতে সেই চৌকিদারদের আয়ও বাড়বে। এইসব অস্ববিধা হতে পারে বলে মারনীয় মন্ত্রীমহাশারের কাছে নিবেদন করি যে চৌকিদারকে এতসব ক্ষমতা দেবেন না।

# Sj. Bankim Mukherji:

সভাম খা মহাশয়! এই ৫১ দফায় দেখতে পাচ্ছি এতে ১২টা ভাগ আছে এবং তারু ভিতরে য়ে অংশে সাতটা ভাগ আছে--অর্থ ৎ এই যে অণ্টদ্দ পর্ব কর্তব্যের ভার সেটা দেওয়া হরেছে চ্চোকিদারের উপরে। ইংরাজ গভন মেন্ট তাঁদের রাজ্যান্ধ প্রাক্তালে ভেবেছিলেন যে, এক শ্রেণীর লোক তাঁরা সুণ্টি করবেন—ঐ আই, সি, এস হাকা ভততু, নাততু, পা্রাভতু থেকে এমন কোন एक गारे या जाँता जानरवन नगा। एक न अध्यो न दून अध्ये प्राप्ति चेर्निट अ**रामरे** जारन कुछनाएँ হলেন আই,সি.এস, সে একেবারে আর্বাঞ্জনিত থৈকে আরম্ভ **ফোরে ফিসারি পর্যাদ্ত সর** ব্যাপারেই তারাই প্রধান। আমব: দেখেছি যে সারে কে, জি, গা, তকে লাট সাহেব না কোকে ্ফশারীতে দেওয়া হল। এইরক্মভাবে আই, সি. এসদেব সব কান্তে বিচক্ষণ ও পারদ**শী মনে** করা হত। আর ইংব্রাজ রাজায়ের শেহকালে তাঁরা সূত্তি করলেন গ্রামের আই, সি. এস. এবং তার নাম হল চোকিদার। কেন না, ইতিপ্রে তারা ভেরেছিলেন যে গ্রাম পর্যান্ত রাজ**ডের** শিক্ত যাবার প্রয়োজন করে না। জমিদার প্রভৃতি এবং সেকালের রায় বাহাদার, নবাব বাহাদার, এপা সম্পত্তির ও থেতাবের লোভে গ্রাম শাসনের কাঞ্জ ইংরাজের হয়ে করে দিতেন। কিন্তু বিপদ ঘটালেন গান্ধীজী। তার আগে পর্যন্ত রাজনীতি শহরের নিচে ধার নি। কিন্তু গ্রামে যখন পেশছে গেল এবং ইংরাজ রাজত্বের ভিত্তি ভূমি যখন কে'পে উঠল তখন তাদের প্রয়োজন হল গ্রাম পর্যানত শিকড় পেশছানর -ইউনিয়ন বোডের মাবফত। কাজেই যে ব্যাশ্বটা রাজ**ছের প্রাক্ষালে** ছিল মরনের সময় সেই বৃদ্ধিটা কিছা খাবাপ হয়েছিল। তারা তথ্য ভা**বলেন এক প্রকার** धिक्रमाव कत्तरण शरव यातः शरव शास्त्रव कता आहे मि अभ, भागोर्त्ततः। उन्हें कत्रलान रहीकिमातः। মিঃ স্পীকার, স্যাব। এই চৌকিদাব নিয়ক্ত কববাব ফলে হয়েছে যে এইভাবে সর্বাকমে পার্মশানী, সমাজের সবচেয়ে নিচু স্তরের, সবচেয়ে দরিদু স্তরের এবং সমাজের মধ্যে স্বচেয়ে আশক্ষিত স্তবের লোকের উপর এইসব সাজের ভার দেওয়ায় আমরা নানাবিধ অস্ক্রীরধা ভোগ করেছি। যেমন, দেশে কি ফসল হ'ল না হল তার গোল দিতে হলে এগ্রিকালচার ডিপার্টমেণ্ট্রেন। চিঠি গেল কমিশনাব, ম্যাজি**ন্দেট্ট** এবং সাকেলি আফসায়ের কাছ। প্রাণিত। তারপরে গেল ইউনিয়ন লেডেবি প্রেসিডেন্ট প্রয়ায়েতের এছে। তাল ভ্রানেন ভবে **নরে। ভরে ভোলা। তোরা দেখে** খ্যম কিবৰুম হয়েছে। তাৰা এসে বলল কড়া হয়েছে। বাস, সেই বিপোট তৈরি হয়ে গেল। रे छेनियन द्वार्ट्छात भारती दाश्लारन्त्रभार द्वारो करायो। वाञ्कमारुम् रुखोभाषास मञागस अविस्तास **या** লাখে গেছেন তাতে কি কাবও সন্দেহ হতে পাবে ইংলাজ বাজতে বিশোর্ট সংগ্রহ কেমন কোরে হাত তার সম্বন্ধে যথেণ্ট রাজ্য রচনা আছে এবং তা থেবেত বোঝা যাবে যে আজও এইরকম জিনিস হয়। তার জন্য এ বছরকার 'বাড়েও স্প<sup>8</sup>চ'এর সময় শ,র্নেছি এবং আজ দাপ্রের হঠাৎ কাউন্সি**লে** এসে পড়েছিলাম, সেখানেও দেখলাম আমানের খাদামান্ত্রী মহাশয় বস্তুতা দিক্ষেন যে বাংলাদেশে আমাদের স্বাস্থ্যমন্ত্রী মহাশয় এমন করেছেন যে এখানে মৃত্যুহার পূথিবীক ভিতরে স্বচেয়ে ক্ম. ডেথ রেট পূথিবীর ভিতর সবচেয়ে কম। স্ইডেন, অস্ট্রেলিয়া, নিউজিল্যান্ড, ইংলন্ড প্রভাত দেশের **ডেথ রেট**এর চেয়ে বাংলার ডেথ রেট কম।

Mr. Speaker: Are you replying to the Food Minister's speech in the Council in connection with the clause relating to chowkidars and datadars?

### Sj. Bankim Mukherji:

যদি আপনার একট্ ধৈর্য থাকে তাহলে রেলেভার্নিস ব্যুবতে পারবেন। আপনার মনটা অতাশত বিচলিত হয়ে পড়েছে, সেইজনা আপনার দ্থিটা (via)তে দিতে বলছি। তাতেই এই জিনিসটা আজ বলতে সাহস পাছি যে বাংলাদেশে মত্যাহার সবচেরে কম হওয়ার কারণ কি জানেন? তার কারণ হছে যে বাংলাদেশে জন্ম-মৃত্যু রেজিন্মি করা হয় না। মিউনিসিপ্যাল শহরে, কপোরেশনে বেরকম রেজিন্মী করবার আইন আছে এবং না করলে জ্বিমানা প্রভৃতি দন্তের বারস্থা আছে গ্রামে তা নাই। গ্রামে জন্ম-মৃত্যু রেজিন্মী করবার হতাকিতাবিধাতা হলেন এই চৌকিদার। আর তাও আবার এরকম নয় যে সে সংবাদ রোজ দিতে হবে, বা হাতার দিতে হবে, বা মানে দিতে হবে। এক এক জারগায় এক এক রকম অফিসার বান এবং তারা স্কৃতি খেকে বলবে যে কটা লোক সারা গৈছে বা কটা লোক জন্মছে। আমার কথা হছে এই যে বেভাবে বাজেট আলোচনার সমর দেখেছে

ভাতে মনে মথেণ্ট সন্দেহ করবার কারণ আছে যে এই গভর্নমেন্ট সমস্ত লোক্যাল অফিসারদের ভাইরেকসন দিয়েছেন যে তোমরা প্রমাণ করাও যে বাংলাদেশে মৃত্যুর হার সবচেয়ে কম, যেমন খাদ্যমন্ত্রীমহাশয় নির্দেশ দিয়েছিলেন যে তোমরা প্রমাণ করাও যে বিঘা করা ছয় সাত মণ ধান হয়েছে।

- Mr. Speaker: This is absolutely irrelevant. How can Mr. Jalan on this clause reply to your direct charges, serious charges against the Government? Do you expect any reply from Mr. Jalan on these charges? You are making serious charges with regard to a statement made by the Food Minister in the Council in connection with a clause to which the Local Self-Government Minister has to reply.
- 8]. Bankim Mukherji: I just referred to the Council. I am speaking about their statements in this House during the budget. I am opposed to giving so much power to these illiterate people.

I am opposed to giving such tremendous powers to such illiterate and petty paid officers.

আপুনি দয়া করে বলবেন মন্ত্রীমহাশয়কে যে ৫১ ধারার মধ্যে এইসব আছে।

I have to show how these chowkidars act

Mr. Speaker: You are speaking irrelevant.

8]. Bankim Mukherji: If you say, Sir, that I am speaking irrelevant. I shall not speak a single word. You have got to prove how I am irrelevant I was just explaining to you the implication of (via). If the Speaker pulls me down by saying that I am irrelevant, I consider that to be the greatest insult to me. They have written irrelevant things in clause 51. I did not want to raise any point of order because that would have required a great deal of technical knowledge—whether Minister for Local Self-Government can introduce legislation relating to law and order.

আমার সে বিষয় যথেণ্ট সন্দেহ আছে. লোকাল সেল্ফ-গভর্নমেন্ট মিনিন্টার এই রকম আইন আনতে পারেন কি না?

Mr. Speaker: In your one and half hour speech in the first reading you never mentioned all these things. You are doing this for the first time Is it proper for you to do so?

8]. Bankim Mukherji: Sir, I am also sorry for you.

কারণ আমি গোড়াতেই দেখিয়েছি যে এই বিল যেভাবে আনা হয়েছে তাতে এর রচনা দেখন না—এত বড় বড় এক একটা লম্বা লম্বা ধারা আছে। আপনি একজন আইনজ্ঞ হিসাবে কোথাও বিদেখেছেন যে একটা আইনের ধারা এইরকম হয়, অর্থাৎ এনসাইক্রোপিডিয়া ব্টানিকার পাতার প্রশাতা উপ্টে যাবার মতন এক একটা ধারা। সেজনা আমি দেখাছিছে যে ৫১ ধারাটা কি সাংঘাতির এবং এই ৫১ ধারায় আমরা কতথানি বিপন্ন হতে পারি সেটাও আপনাকে দেখাছি। একটামার আমি দেখিয়েছি যে বার্থ এবং ডেথ রেজিস্টোসনটা কি একটা নিরক্ষর লোকের কাজ এবং এ সম্বামে কি কোন একপার্ট এর বা শিক্ষার দরকার করে না। এই লোকটির উপর ভার রয়েছে গ্রামে কোন এপিডেমিক হয়েছে কি না তার খবর সে দেবে। কোলকাতা শহরে কনস্টেবলএর উপর নানারকম ভার থাকে কি যে শহরে কোখায় এপিডেমিক হয়েছে কিনা? অতএব দেখা যাছে বে এই লোকটি একাধারে উথববিদাায় পারদশী, রোগবিদাার পারদশী, ডাক্কার রেজিস্টার, না এ আফার ইত্যাদি সে একাধারে সব। অর্থাৎ এরা গ্রাম লেডেলে এক একটা আই, সি, এর, এরা

সব কিছুতেই পারদশী। এই যে সমস্ত ডিউটি ভাদের দেওরা হরেছে, তারচেরে সাংঘাতিক হছে যে এইসমস্ত ভদ্রলোকেরা একজন লোককে য়াারেস্ট করলে তখন গভর্নমেন্টের কোন মদ্মী তার জন্যে দারী থাকবেন—

who would be responsible for that! মন্ত্রীমহাশয় একট্বর্থান অন্গ্রহ করে এইসব শ্নবেন।

(The Hon'ble Iswar Das Jalan:

শুনবো কি, কান ঝালাপালা হল।) তাহলে দয়া করে বাহিরে যান, তা না হলে আপনি যখন মন্তিত নিয়েছেন, বিল এনেছেন এবং মাইক পেয়েছেন তখন আপনাকে শুনতেই হবে।

Mr. Speaker: That is why I was saying it irrelevant as there is no seriousness in the discussion.

## 8j. Bankim Mukherji:

মিঃ পশীকার, সাার, আমি একদিন দেখিয়েছিলাম যে ও'রা প্রায়ই বলেন, আপনাদের কথা আমরা মন দিয়ে শ্নিন কিন্তু আমাদের থালি ইন্টারাণ্ট করেন। কিন্তু আমি বলব যে আমাদের কথা ও'রা শোনেন না এবং সে সময় গ্রিপ করেন। ইন্টারাণ্ট্যন করার মানে হচ্ছে যে একজনলোক সেটা শ্নেছে এবং ইন্টারাণ্ট্যন হচছে সন্ট ইন এ কারির মতন। এ ছাড়া এর চেয়ে বেশী অপমানের কিছু হতে পারে না যে

Interruptions are the greatest compliment to a speaker and gossips are the greatest insult to a speaker.

সেজনা আমি বলব যে এরজনো ও'বা কোন লংজা বোধ কবেন না এবং বললেন কিনা যে কান ফেটে যাছেছ। এই যদি হয়ে থাকে ভাহলে

tesign from your post. (The Hon'ble Iswan Das Jalan). What shall I here? You are speaking nonsense. Because you are nonsense.

### · Noise and Interruption.

(Mr. Speak r-Yes. 20 on and make a serious speech.) Sit, I am trying to make a serious speech is d.I. request him to withdraw that word.

The Hon'ble Copika Bilas Sengupta: Sir, is it parliamentary to say—You are non-sense?

#### \*Interruptions.]

Mr. Speaker: "You are speaking non-sense" is parliamentary but "you are non-sense" is not parliamentary

## Sj. Bankim Mukherji:

স্যার, আমারে বছরা এই ভিল যে এইসমসত চৌকিনার যারা রাজ্রেস্ট কর্বে এবং সেই গ্রেপ্তার করবার জনো কে দার্যা থাককে —

Minister of Law and order or Minister of Local Self-Government—
স্তরাং এই বিষয়ে আমার যথেন্ট সন্দেহ এইজন্যে হচ্ছে যে কোন পর্বিশ কর্মিন্টবল বা প্রিশ অফিসারএর কাজে যদি অবস্থান্ত করা হয় তাহলে তাকে চৌকিদার র্যারেন্ট করবে। তাহলে এর অর্থ হচ্ছে যে প্রিশ অফিসার তার কর্তবা করতে পারবে না। সেজন্য আমার যথেন্ট সন্দেহ হচ্ছে যে এব ফলে এই সমস্ত চৌকিদাররা অনেক বেআইনী কাজ করবে এবং তথন গভনামেন্ট বলবে যে এটা ত আমার কাজ নয়, এটা অঞ্জ পঞ্চায়েতের ব্যাপার এবং সেখানকার অধ্যক্ষ, উপাধাক্ষ এর জনো দায়ী। এইজনো আমার মাধার প্রণন এসেছে যে এত বড় একটা ল এক্ড অর্ডারএর ব্যাপারে, একটা মানুষের গ্রেশ্তার করার ব্যাপারে সমস্ত অন্যায় সেখানে অনুষ্ঠিত

হবে। আমাদের এই দেশে এবং এই গভলমেন্টের কাছে য়্যারেন্ট জিনিসটা এত সহজ হরে পড়েছে যে রার জন্যে এর প্রতি একটা সিরিয়াসনেস নেই। তাই বলছি যে অন্যান্য দেশে এইরক্ম ক্রমেল সেধানকার লোকে ক্ষেপে উঠত। অর্থাৎ একটা সাত টাকার কনস্টেবল উইদাউট ওয়ারেন্ট্র সে য়্যারেন্ট্র করবে এবং আমি আশ্চর্য হয়ে যাছি যে এর সন্বন্ধে কোন একটা প্রতিবাদ নেই। তারা বলছেন যে ব্রিশের ব্রুটের তলায় ২০০ বছর ধরে আমরা এসব সহ্য যেখানে করেছি সেখানে সাত টাকার চৌকিদার য়্যারেন্ট্র করে নিয়ে যাবে তাতে আর কি হবে—এই মনোভাব নিয়ে তারা এখানে রয়েছেন। এ ছাড়া সেখানে কি হচ্ছে না এই কনস্টেবলএর কর্গানিজেবল অফেন্সএর কর্গানজান্স তার আছে কি? অর্থাৎ এই যে চৌকিদারটি নিম্ভ হবে তাকে বলা হচ্ছে যে সেক্যানজেবল অফেন্সএ গ্রেণ্ডার করতে পারবে, কিন্তু কোনটা কর্গানজেবল কোনটা কর্গানজেবল তাদের সেই চেতনা সন্বন্ধে আমি চ্যালেঞ্জ করছি যে যত্রগানি চৌকিদার দফাদার আছে তাদের ডেকে এনে শ্ব্রু একটা প্রশ্ন করা হোক যে কোন্ কোন্ অফেন্স কর্গানজেবল এবং কোন্ মেন

(A voice from the Opposition: Even the Minister will not be able to answer that.)

যাই হোক তাদের য়্যারেস্ট করার পর রাখবেন কোথায়? কারণ পর্নলশ এ্যাক্টএ আমরা জানি যে প্রিলশ কনস্টেবলদের হাতে যে ক্ষমতা দেওয়া আছে তাতে তাদের রাখবার জায়গার কোন অস্ক্রবিধে হবে না। কিস্তু এখানে চৌকিদারদের হাতে সেকশন ৫১এর দ্বারা যে ল এন্ড অর্ডার রাখা হচ্ছে তাতে এটাকি এখানেই শেষ। অর্থাৎ য়্যারেস্ট করার পর কি চৌকিদার লোকটাকে তার ঘরে নিয়ে যাবে, না হাজতে নিয়ে যাবে এবং ২৪ ঘণ্টার মধ্যে ম্যাজিস্ট্রেটের কাছে হাজির করবে, কি করবে না। এইসব কথা আপনার আইনে কোথায় আছে।

(The Hon'ble Iswar Das Jalan: That is in the constitution itself.) That is also in the constitution

ইত্যাদি योদ হয় তাহলে প্রালশ এ।। ইএর প্রয়োজন হয় কেন?

(The Hon'ble Iswar Das Jalan: After arrest they will be taken to the thana.)

Noise.

কিন্তু এত আর থানার লোক নয়, এ অঞ্চল পঞ্চায়েতের লোক—সে কোথায় নিয়ে যাবে :

তাহলে পর পর্লিশ এাাইএর প্রয়োজন হয় কেন?

### The Hon'ble Iswar Das Jalan:

ধরে থানায় নিয়ে যাবে মশায়।

[5-20-5-45 p.m.]

### Sj. Bankim Mukherji:

থানার লোক নাই। এটা হচ্ছে অন্য ব্যাপার। অন্য কোন ব্যক্তি দেয় থবর। তারপর হচ্ছে কি অন্য কোন যা থেকে রিলায়েবল ইনফরমেশন পেলে পর, রিজনএবল কমপেলাই হলে পর কার কাছে হবে সেই রিজনেবল কমপেলাই? শৃধ্ একটি চৌকিদারের কাছে? না কি অধাক্ষ উপাধাক্ষের কাছে? কার কাছে করবে রিজনেবল কমপেলাই? একজন লোক এসে রিজনেবল কমপেলাই করল, চৌকিদার ব্রুল এই কমপেলাই রিজনেবল এবং ব্রুবার পর ঐ পারদর্শী বহ্বিদ্যায় অভিজ্ঞ চৌকিদার ব্রুল এই কমপেলাই রিজনেবল। অতএব থানার নিদেশি থাক বা না থাক, অক্ষেশ হোক বা না হোক বেঁহেতু তাদের মতে হরেছে অতএব তার মধ্যে যুদ্ধি আছে! তিনি একজন সাধারণ ব্যক্তির অভিযোগ অনুসারে করতে পারে। এটা কি কননেইবল পারে? এটা কি প্রিল পারে?

[At this stage the house was adjourned for 15 minutes.]

[After adjournment.]

[5-45-5-55 p.m.]

# 8j. Bankim Mukherji:

সভাম্খ্য মহাশর, আমি আপনাকে (আই, আই) (এ, এ) সেকসন দেখতে বছছি। সেখানে বরেছে—

any person having in his possession without lawful excuse, the burden of proving which excuse shall lie on such person, any implement of house-breaking.

ভ্রাফ্রটিং দেখনে যে ব্যাড়িতে চুরি করবার সি'দক্রটি লফ্টল বৈধভাবে রাখতে পারা বার।

Mr. Speaker: This is an improvement by the Select Committee. You were also there.

# 2j. Bankim Mukherji:

সিলেক্ট কমিটিতে ত আমি একলা ছিলাম না। আমার ড্রাফটিংও নর। সেখানে হচ্ছে কি, না লফ্ল এক্সকিউজ ছাড়া যদি তার কাছে সি'দকাটি থাকে বাড়ীতে চুরি করবার—তার মানে হচ্ছে যে বৈধভাবে সি'দকটি রাখতে পারা যায়—উইদাউট লফ্লে এক্সকিউজ বদি থাকে।

দ্বিতীয় দেখন স্যার, স্বচেয়ে সাংঘাতিক ব্যাপার হচ্ছে কি না চৌকিদারের এত বিদ্যা হবে যে বোধ হয় বড় বড় হাইকোর্ট ব্যারিস্টাররা ধরতে পারবেন না। যে সি'দকাটি একজনের হাতে আছে সেটা আন লফ্টল এক্সকিউজ অর ইললিগাল এক্সকিউজ সেটা তারা ধরে দিতে পারবেন। সেটা ধরতে হাইকোর্ট ব্যারিস্টাররা হিমাসম খেয়ে যাবে। সেটা চৌকিদার ঠিক করবে এবং তার ধববার উপায় কি ব্যুর্ডেন অব প্রতিং তার কাছে যেটা রয়েছে সেটা বৈধভাবে, অবৈধভাবে নয় অর্থাৎ এ পর্যন্ত যে ফ্রেণ্ড সিস্টেম অব ল আছে, তাতে য়্যাকুজডকে প্রভু করতে হয় হি ইজ নট গিলটি। কিন্তু ভারতবর্ষের যা যুরিসপ্রভেন্স, আমাদের যা ফান্ডামেন্টাল ল, তার বিরুদ্ধে হি ইজ ইনোসেন্ট—আমাদের ফান্ডামেন্টাল ল তার বিরুদেধ পর্যন্ত যাচ্ছে। যারা ল য়্যান্ড অর্ডার ডিপার্টমেন্ট নয় লোকাল সেলফ-গভর্নমেন্ট ডিপার্টমেন্ট তাদের দেওয়া হয়েছে চেচিকদারী সেকসন লিখতে এই ব্যাপার করে বসে আছেন। আমার পয়েন্ট ছিল এই যে. এইপ্রকার চৌকিদার-দের উপর এতরকম পাওয়ার দেওয়া হয়েছে, তাদের হাতে এই যেসমুস্ত অসাধারণ ক্ষমতা দেওয়া হয়েছে, তাদের জন্য দায়ী হবে কে : একজন প্রিলশ কনস্টেবল কিছু করলে পর আমরা সেখান থেকে তার বড় অফিসার ইন্সপেক্টর-ভেনারেল অব পর্বিলশ থেকে আরম্ভ করে হোম মিনিন্টারকে পর্যাসত প্রত্যেককে দায়ী করতে পারি যদি এমন কিছু করে একটা লোককে অন্যায়ভাবে বা অবৈধভাবে ধরা হয় বা কিছ, হয়।

কিন্তু আজকে চৌকিদাররা ঠিক হিসেবে এরা ল এয়ান্ড অর্ডারএর ডিপার্টমেন্টএ নর, হোম ডিপার্টমেন্টএ নয়, প্রতিশ বিভাগে নয়--এরা

appointed and maintained by Anchal Panchayat.

অথচ মজা হছে কিনা অণ্ডল পণ্ডায়েতের কোন লোক যদি অন্যায় করে তাহলে তথন গভর্ন মেন্টের প্রতিটি ডিপার্টমেন্ট হাত ধ্যে বাদ থাকবেন এবং বলবেন যে আমরা এরজন্যে দারী নই বা জানি না—এমন কি লোকাল সেলফ-গভর্নমেন্টের মন্টাও বলবেন যে আমি এরজনা দারী নই, কারণ এটাত লোকাল সেলফ-গভর্নমেন্ট বা গ্রাম স্বায়ত্বশাসনএর, তারাই এরজনো দারী। কিস্তু এদের কৃতকর্মের জন্যে দারী হবেন তারা, অথচ এদের কর্মকে কোন প্রকারে নিরন্তাশ করবার এতট্কুন অধিকার অণ্ডল পণ্ডায়েতকে দেওরা হয় নি। অণ্ডল পশ্চারেতের অধাক বা উপাধাক্ষের সম্মতি বা পরামর্শ নিয়ে যে তারা সমস্ত কাজ করবেন তার কোন কিছু বাবস্থা এর মধ্যে নেই, কিন্তু একটা অন্যায় কাজ বদি তারা করে ফেলেন তাহলে তার জন্যে থানা অকিসার, এস, ডি, ও, ডিল্ডিই ম্যাজিন্টেট থেকে আক্ষত করে। হোম ডিপার্টমেন্ট প্রশৃত কেট দারী থাকবেন না।

সন্তরাং এইরকমভাবে যার হাতে কোন দায়িছ নেই তার হাতে সাধারণ মান্বের ভার যদি ছেড়ে দেওয়া হয় তাহলে কিরকম একটা মর্মাণিতক অবস্থার সৃষ্টি হবে সেটা বোঝাই যাছে। এখানে সবচেয়ে আণ্চর্যের বিষয় হছে এই যে মন্ত্রীমহাশয় যখনই অণ্ডল পণ্ডায়েতের অধ্যক্ষ বা উপাধাক্ষের হাতে কোন প্রকারের একটি দায়িছ দিয়েছেন তখনই সেই প্রতিটি দায়িছের আনেশালে প্রেসকাইবড অথরিটি, রুলস ইত্যাদি বহু জিনিস দিয়ে ছাকে কণ্টকিত করেছেন। নির্বাচিত যেসমস্ত অণ্ডল পণ্ডায়েতের মেন্বার বা অধ্যক্ষ বা উপাধাক্ষের হাতে যদি কোন শক্তি আসে তাহলে সেটাকে কণ্টকিত করতে পেরেছেন, কিন্তু সাত টাকা মাইনের চৌকিদায়দের বেলায় সেখানে লোককে নির্যাতন করবার অগাধ শক্তি তাদের উপর দেওয়া হয়েছে। এই সন্বন্ধে বহু মেন্বার বহু বলেছেন এবং আমার নিজের বাক্তিগত অভিজ্ঞতাও এই বিষয়ে বহু আছে। সেই অভিজ্ঞতা থেকে আমি বর্লছি যে এই মন্ত্রীদের শিক্ষা দিতে হলে যখন বাংলাদেশের কিছু অণ্ডল পণ্ডায়েত আমাদের হাতে আসবে তখন সেই সমহত অণ্ডলে মন্ত্রীয় যখন পরিদর্শনি করতে যাবেন সেই সময়ে সাসপিসাস কারেকটর বলে তাদৈর সেথানকার চৌকিদায়রা ধরে রাত্রি ১২টার পর ১৫ মাইল দ্রে থানা পর্যন্ত হাটিয়ে নিয়ে যায় তাহলে তখনই তাদের চৈতনা আসবে যে কি প্রকারের নিরক্ষর, দায়িছজ্ঞানহীন অন্প বেতনের মাইনের লোকদের হাতে ক্ষমতা দেওয়া হয়েছে। অর্থাৎ সেটার একমাত চৈতনা তখনই হতে পারে যদি তাদের একদিন এইরকম করা হয়।

The Hon'ble Copika Bilas Sen Cupta: I wish that day would come.

## 8]. Bankim Mukherji: Very soon.

